**আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)**
**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।**
**ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২**
www.ispr.gov.bd

**সংবাদ বিজ্ঞপ্তি**

নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩ তারিখ: ২৮-১১-২০২৩

# মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজে গ্র্যাজুয়েশন সনদ বিতরণ ২০২৩

ঢাকা, ২৯ নভেম্বর ২০২৩: সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজের (ডিএসসিএসসি) কোর্স-২০২৩ এর গ্র্যাজুয়েশন সনদ বিতরণ অনুষ্ঠান ২৯ নভেম্বর ২০২৩ তারিখে শেখ হাসিনা কমপ্লেক্স, ডিএসসিএসসি, মিরপুর সেনানিবাস, ঢাকায় অনুষ্ঠিত হয়।

মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ সাহাবুদ্দিন এ অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোর্স সম্পন্নকারী অফিসারদের মাঝে গ্র্যাজুয়েশন (পিএসসি) সনদপত্র বিতরণ করেন। অনুষ্ঠানের শুরুতে জাতির পিতা ও সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে মহামান্য রাষ্ট্রপতি বলেন, দেশী ও বিদেশী সামরিক কর্মকর্তাদের কৌশলগত দক্ষতা ও আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধিতে ডিএসসিএসসির ভূমিকা অনস্বীকার্য। গ্র্যাজুয়েশন সম্পন্নকারী সকল অফিসারদেরকে অভিনন্দন জানিয়ে তিনি তাদের এই কোর্সে অর্জিত প্রজ্ঞা, সংকল্প ও পরিকল্পনাকে জাতির অগ্রগতিতে কাজে লাগানোর পরামর্শ দেন। তিনি সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজের কমান্ড্যান্টকে ডিএসসিএসসি কোর্স-২০২৩ এর সফল সমাপ্তির জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। (মহামান্য রাষ্ট্রপতির বক্তব্য কপি সংযুক্ত)

অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন কমান্ড্যান্ট ডিএসসিএসসি, মেজর জেনারেল মোঃ ফয়জুর রহমান, বিএসপি, এসজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি। তিনি কলেজের অগ্রগতি এবং সশস্ত্র বাহিনীর পেশাগত উন্নয়নে মহামান্য রাষ্ট্রপতির অব্যাহত সহায়তা ও সনদপত্র প্রদান অনুষ্ঠানে তাঁর সদয় উপস্থিতির জন্য আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি তাঁর বক্তব্যে এই কোর্সে অংশগ্রহণকারী অফিসারগণ আধুনিক সশস্ত্র বাহিনী পরিচালনায় একতা, বন্ধন, ভাতৃত্ব ও জ্ঞানকে বিস্তৃত করবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

এ বছর ডিএসসিএসসি কোর্স-২০২৩ এ বাংলাদেশ সেনাবাহিনীর ১৩৬ জন অফিসার, বাংলাদেশ নৌবাহিনীর ৪৫ জন অফিসার, বাংলাদেশ বিমান বাহিনীর ২৪ জন অফিসার, বাংলাদেশ পুলিশের ০৩ জন অফিসার এবং ব্রুনাই, মিশর, জার্মানী, ভারত, ইন্দোনেশিয়া, কেনিয়া, কুয়েত, লাইবেরিয়া, জর্ডান, দক্ষিন আফ্রিকা, সৌদি আরব, মালয়েশিয়া, মালদ্বীপ, মালি, নেপাল, নাইজেরিয়া, পাকিস্তান, ফিলিস্তিন, সিয়েরা লিওন, তানজানিয়া, তুরস্ক, উগান্ডা, যুক্তরাষ্ট্র এবং জাম্বিয়া থেকে আগত ৪৯ জন অফিসারসহ সর্বমোট ২৫৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। উল্লখ্য যে, এ বছর মোট ১২ জন নারী অফিসার গ্রাজুয়েশন সম্পন্ন করেছেন।

সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ বাংলাদেশ সশস্ত্র বাহিনীর একটি আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠান। সশস্ত্র বাহিনীর মধ্যপর্যায়ের নির্বাচিত অফিসারদেরকে কমান্ডার ও স্টাফ হিসাবে ভবিষ্যতের গুরু দায়িত্ব পালনে দক্ষ করে গড়ে তোলার উদ্দশ্যে এই প্রতিষ্ঠানটি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। প্রতিষ্ঠালগ্ন থেকে এ পর্যন্ত সর্বমোট ৬,২৩৬ জন অফিসার এই প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণপ্রাপ্ত হয়েছেন; তন্মধ্যে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সর্বমোট ৪,৮৭২ জন অফিসার, ১৪ জন পুলিশ অফিসার এবং ৪৪ বন্ধুপ্রতিম দেশের মোট ১,৩৫০ জন বিদেশী সশস্ত্র বাহিনীর অফিসার এই প্রতিষ্ঠান থেকে গ্র্যাজুয়েশন সম্পন্ন করেছেন।

আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, তিন বাহিনী প্রধানগণ, প্রিন্সিপাল স্টাফ অফিসার সশস্ত্র বাহিনী বিভাগ, উচ্চপদস্থ সামরিক ও অসামরিক কর্মকর্তাবৃন্দ (চাকুরীরত এবং অবসরপ্রাপ্ত), বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও অধ্যাপকবৃন্দ, বাংলাদেশে নিযুক্ত বিভিন্ন দেশের মিলিটারী/ডিফেন্স এ্যাটাচি এবং স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-
সাইদা তাপসী রাবেয়া লোপা
সহকারী পরিচালক
পরিচালকের পক্ষে
মোবাঃ ০১৭৬৯০১৭১৯৪

**আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)**
**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।**
**ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২**
**www.ispr.gov.bd**


**সংবাদ বিজ্ঞপ্তি**


নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩ তারিখ: ২৯-১১-২০২৩


# DSCSC GRADUATION CEREMONY-2023

Dhaka, 29 November 2023: The Graduation Ceremony of Defence Services Command and Staff College (DSCSC) Course-2023 was held on 29 December (Wednesday) 2023 at Sheikh Hasina Complex Auditorium, DSCSC, Mirpur Cantonment, Dhaka.

The Honourable President Mohammed Shahabuddin, graced the occasion as the Chief Guest and gave away certificates (psc) to the graduating officers. The ceremony is a testament to the commitment of the DSCSC to fostering international collaboration and enhancing the strategic acumen of military leaders. The Honourable President began by expressing his deepest respect for Bangabandhu Sheikh Mujibur Rahman, the Father of the Nation, and the Greatest Bengali of all time. After giving away certificates to the recipients, the Honourable President congratulated all the graduates on their successful completion of the course. He advised them to apply their newly acquired wisdom, resolve, and zeal to the advancement of their respective nations. Additionally, he thanked Commandant DSCSC for seeing the successful completion of DSCSC Course-2023.

The Commandant, DSCSC, Maj Gen Md Faizur Rahman, BSP, SGP, ndc, afwc, psc, delivered his welcome address at the beginning of the ceremony. He expressed his profound gratitude to the Honourable President for his gracious presence in the ceremony and for his continued assistance in the advancement of the college and the professional development of the armed forces. In his remarks, the Commandant mentioned that the togetherness, bonding, brotherhood, and knowledge forged through the course, will enable the graduating officers to command an armada of a modern joint force.

Overall, 257 officers completed the DSCSC-2023 course this year, comprising 136 officers from the Bangladesh Army, 45 from the Bangladesh Navy, 24 from the Bangladesh Air Force, 03 from the Bangladesh Police, and 49 foreign officers from 24 friendly nations, namely Brunei, Egypt, Germany, India, Indonesia, Jordan, Kenya, Kuwait, Liberia, Malaysia, Maldives, Mali, Nepal, Nigeria, Pakistan, Palestine, Saudi Arabia, Sierra Leone, South Africa, Tanzania, Türkiye, Uganda, USA, and Zambia. It is noteworthy that this year has seen the graduation of 12 female officers.

Defence Services Command and Staff College is an internationally recognized tri-service training facility of Bangladesh Armed Forces. The institution trains selected mid-level officers of the three services to enable them to handle growing responsibilities in staff and command capacities. To date, a total of 6,236 officers have graduated from this reputed institution. Among them, 4,872 officers were from the Bangladesh Armed Forces, 14 officers from the Bangladesh Police, and 1,350 officers from 44 friendly foreign countries.

Among others, Ambassadors/High Commissioners, Chiefs of three Services, Principal Staff Officer of the Armed Forces Division, Senior Military and Civil Services Officers (both serving and retired), Vice Chancellors and Professors of various universities, Defence Advisers and Attaches from various countries in Bangladesh including local elites attended the graduation ceremony.


signed/-
Syeda Tapushi Rabeya Lopa
Assistant Director
For Director, ISPR
Mobile: 01769017194